দৈনিক সংবাদ

তারিখ 06 MAR 1992 পৃষ্ঠা 7 কলাম 7

৩

21

# ঢাকা ভার্সিটিতে ছাত্রলীগের দুই গ্রুপের গুলিবিনিময়

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)।

গতকাল বৃহস্পতিবার সন্ধ্যায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি এলাকায় দু'দল ছাত্রের মধ্যে বেশ কয়েক রাউণ্ড গুলিবিনিময় হয়। এতে হতাহতের কোন খবর পাওয়া যায়নি।

ছাত্রলীগের (আ-অ) অভ্যন্তরীণ কোন্দলের জের হিসেবে এ গুলি-বিনিময় হয়েছে বলে জানা গেছে।

প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, সন্ধ্যা ৬টার দিকে টিএসসি সড়ক দ্বীপ এলাকায় বেশ কয়েকটি মোটর সাইকেলে চড়ে একদল সশস্ত্র তরুণ কয়েক বার মহড়া দেয়। পরে তারা শামসুন্নাহার হলের সামনে গিয়ে জগন্নাথ হলের দিকে কয়েক রাউণ্ড গুলিবর্ষণ করে। মোটর সাইকেল আরোহী এসব তরুণ ছাত্রলীগের (আ-অ) থার্ড ওয়ার্ল্ড গ্রুপের সমর্থক বলে জানা গেছে। এ গুলিবর্ষণের কিছুক্ষণ পরেই জগন্নাথ হলে অবস্থানরত ছাত্রলীগের (আ-অ) অপর প্রতিদ্বন্দ্বী গ্রুপটি অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে শামসুন্নাহার হলের সামনে আসে এবং থার্ড ওয়ার্ল্ড গ্রুপকে ধাওয়া করে কয়েক রাউণ্ড গুলিবর্ষণ করে। উভয়পক্ষের এ গোলাগুলির ফলে টিএসসি এলাকায় ভয়ার্ত পরিবেশের সৃষ্টি হয়। ছাত্রছাত্রীরা প্রাণভয়ে ঊর্ধ্বশ্বাসে নিরাপদ আশ্রয়ের দিকে ছুটতে থাকে। কয়েক মিনিট পরেই পুলিশ দু'গ্রুপের মাঝখানে অবস্থান নিলে অস্ত্রধারীরা দ্রুত পালিয়ে যায়।

সন্ধ্যা ৭টার দিকে শামসুন্নাহার হলের সামনে পর পর তিনটি বোমা বিস্ফোরিত হয়।